প্রথমবারের মত দাকোপে ডিজিটাল পদ্ধতিতে লটারীর মাধ্যমে আমন ধান ক্রয়ের ভাগ্যবান কৃষক বাছাই করা হল। প্রায় ১৫ হাজার কৃষকের মধ্যে থেকে ১,৮৭৩ জন ভাগ্যবান কৃষক নির্বাচিত হয়। বিগত বছর গুলোতে গতানুগতিক ধারায় লটারীর মাধ্যমে প্রায় ২ হাজার কৃষক নির্বাচন করাটা ছিল যেখানে সারাদিনের ব্যাপার, সেখানে এবছর মাত্র ১ ঘন্টার মধ্যেই কৃষক নির্বাচন থেকে শুরু করে ফলাফল প্রকাশ হল। ডিজিটাল বাংলাদেশ যে এখন আর শুধু স্বপ্ন নয় তা প্রান্তিক চাষীদের পাওয়া সেবা থেকে স্পষ্ট। ডিজিটাল এই সিস্টেমটি ডেভেলপ করা হয় মাইক্রোসফট এক্সেল ও ২টি এক্সটারন্যাল লিংকের সহায়তায়। কিন্তু পরো সিস্টেমটিকে সফটওয়্যার হিসাবে ডেভেলপ করলে আমন ধান ক্রয়ের ভাগ্যবান কৃষক বাছায়ের সেবাটি ১০ মিনিটে সম্পন্ন হবে।